দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

12 JUL 1989
পৃষ্ঠা 5 কলাম 6

# বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা : কিছু ভাবনা

অধ্যাপক আবদুল্লাহ ফারুক

সম্প্রতি (১-৩-এপ্রিল ১৯৮৯) কুমিল্লায় সর্বজনীন প্রাথমিক শিক্ষা সম্পর্কে এক জাতীয় কর্মশালা অনুষ্ঠিত হয় এবং প্রাথমিক শিক্ষার সঙ্গে সম্পর্কিত জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ের বহু ব্যক্তিত্ব একত্রিত হয়ে আগামী ১৯৯০ এর দশকে সমস্যাটির সমাধানের বিষয়ে আলোচনা করেন। বিগত চার দশকে সরকার কর্তৃক নিয়োজিত সকল শিক্ষা কমিশনই কমপক্ষে পঞ্চম শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষা দেশের ৬-১০ বৎসরের সকল শিশুর জন্য বাধ্যতামূলক করার সুপারিশ করে থাকলেও অতীতে সকল সরকারই এই কাজটা এড়িয়ে গিয়েছেন। সম্ভবতঃ এই প্রথম উপরোক্ত কর্মশালার উদ্বোধনে মাননীয় শিক্ষামন্ত্রীর উচ্চাসন থেকে বলা হলো যে সরকার প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করার বিষয়ে চিন্তা-ভাবনা করছেন। কর্মশালাতে বহু

এখন চুরি করা খুন করা, বিয়েতে যৌতুক দাবী করা, এ সবের বিরুদ্ধে যে আইন রয়েছে, তা অমান্য কি হচ্ছে না? সকল অপরাধীকে কি শাস্তি দেয়া যাচ্ছে? কিন্তু তাই বলে কি ওসব আইন উঠিয়ে দেয়া হবে? নিশ্চয়ই নয়। প্রথম প্রথম অনেক অপরাধীই শাস্তি পায় না ঠিকই, কিন্তু আইনটা থাকলে অধিকাংশ লোকই তা মেনে চলবে। যারা তা মানবে না, অন্ততঃ তাদেরকে বলা যাবে যে তারা একটা অপরাধ করছে। অনেকেই শুধু ভয় পেয়েই ভাল কাজটা শুরু করবে। তারপর তারা বুঝে যাবে যে আইন ভংগ না করে তারা নিজেদেরই কল্যাণ করছে। আইনের পেছনে যে যুক্তি থাকে, তা অবশ্য আন্দোলনের মাধ্যমে প্রচার করতে হবে, মানুষকে বুঝাতে হবে। কিন্তু স্বল্পসংখ্যক অপরাধীকে নিরুৎ-